

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮.১৭- ২০২

তারিখ: ০৭.০২.২০১৮ খ্রি:।

বিষয়: রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন বড়দরগাহ্ শাহ্ ইসমাইল গাজী (রহ:) ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) বড়দরগাহ্ শাহ্ ইসমাইল গাজী (রহ:) ফাজিল মাদরাসার স্মারক নং-০৭/১৮

তারিখ: ৩০.০১.২০১৮ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বড়দরগাহ্ শাহ্ ইসমাইল গাজী (রহ:) ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মুহাম্মদ মুজাম্মিল হক বি.সি.এস সাধারণ শিক্ষা ক্যাডারের একজন কর্মকর্তা এবং কারমাইকেল সরকারি কলেজ, রংপুর এর আরবি ও ইসলামী শিক্ষা বিভাগের একজন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি সরকারিভাবে জড়িত এবং দীর্ঘ দিন সরকারি কলেজে কাজ করা অভিজ্ঞতার আলোকে বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মুহাম্মদ মুজাম্মিল হক) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মুহাম্মদ মুজাম্মিল হক) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, বড়দরগাহ্ শাহ্ ইসমাইল গাজী (রহ:) ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফায়িল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মুহাম্মদ মুজাম্মিল হক, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, আরবি ও ইসলামী শিক্ষা বিভাগ, কারমাইকেল সরকারি কলেজ, রংপুর -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।



মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৬৭

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অধ্যক্ষ

বড়দরগাহ্ শাহ্ ইসমাইল গাজী (রহ:) ফাজিল মাদরাসা, ডাক: শানেরহাট, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর।

অনুলিপি:

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা।

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, বড়দরগাহ্ শাহ্ ইসমাইল গাজী (রহ:) ফাজিল মাদরাসা, ডাক: শানেরহাট, উপজেলা: পীরগঞ্জ, জেলা: রংপুর।

৪. অধ্যক্ষ, কারমাইকেল সরকারি কলেজ, রংপুর।

৫. জনাব মুহাম্মদ মুজাম্মিল হক, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, আরবি ও ইসলামী শিক্ষা বিভাগ, কারমাইকেল সরকারি কলেজ, রংপুর।

৬. অফিস কপি।